

যুবক ভাইদের প্রতি বিশেষ



শহীদ শাইখ ড. আবদুল্লাহ আয্যাম যুবক ভাইদের প্রতি বিশেষ বার্তা

অনুবাদ ও সংকলন মাওলানা এস এম আমিনুল ইসলাম চিঙাশীল আলেম, অনুবাদক ও প্রকাশক

সম্পাদনায় **মুহসিন আবদুল্লাহ**



[অভিজাত বইয়ের ঠিকানা]

৪৩ ইসলামী টাওয়ার, ১১/১ বাংলাবাজার, ঢাকা- ১১০০ দূরালাপনী : ০১৭১১৭১১৪০৯, ০১৭২১১২২৫৬৪



যুবক ভাইদের প্রতি বিশেষ বার্তা শহীদ শাইৰ ড. জাবদুক্রাহ আযুযাম

প্রকাশক ব ই ঘ র -এর পক্ষে এস এম আমিনুল ইসলাম

© প্রকাশক কর্তৃক সংরক্ষিত

প্রথম প্রকাশ এপ্রিল ২০১৪ ঈ.

প্রচ্ছদ রাজু আহমেদ

কম্পোজ
ব ই ঘ র বর্ণসাজ
বাংলাবাজার, ঢাকা- ১১০০
০১৭১১৭১১৪০৯

মুদ্রণ : মাসুম আর্ট প্রেস ২৬/২ প্যারিদাস রোড, ঢাকা-১১০০

মূল্য: ৬০ টাকা মাত্র

ISBN: 984-70168-0069-6

JOBOK BHAIDER PROTT BISHESH BARTA: Dr. Abdullah Ajjam: Translate by S M Aminul Islam, Published by: S M Aminul Islam, BhoiGhor: 43 Islami Tower, 11/1 Banglabazar Dhaka-1100, First Edition: April 2014 © by the pablisher

Price: 60 Taka only

উৎসর্গ–

আল্লাহর দীন আল্লাহর জমিনে প্রতিষ্ঠা করার সংগ্রামে যারা জীবন ও সম্পদ উৎসর্গ করেন তাদের প্রতি... স্ত্রী-পুত্রেরে স্মাল্লাহকে সঁপি জেহাদে যে নির্ভীক হেসে কুরবানী দিত প্রাণ, হায়! আজ তারা মাগে ভিখ্

– কাজী নজরুল ইসলাম



যুবকদের বিজয়

সকল প্রশংসা অবশ্যই আল্লাহ তায়ালার জন্য। আমরা তাঁরই প্রশংসা করি, তাঁরই সাহায্য কামনা করি, তাঁরই কাছে ক্ষমা চাই এবং আমরা আমাদের নফসের সকল অনিষ্টতা ও সকল কৃতকর্মের ভুল-দ্রান্তি থেকে তাঁরই কাছে আশ্রয় চাই। আল্লাহ যাকে হেদায়েত দান করেন তাকে কেউ গোমরাহ করতে পারে না। আর যাকে আল্লাহ গোমরাহীতে নিক্ষেপ করেন, কেউ তাকে হেদায়েত দান করতে পারে না। আর আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল।

আল্লাহ সুবহানাহ ওয়া তায়ালার বাণী-

الَّذِينَ آَمَنُوا اتَّقُوا اللهَ حَتَّ تُقَاتِهِ وَلا تَمُوتُنَّ إِلا وَأَنْتُمُ

হে ঈমানদারগণ! (তোমরা) আল্লাহকে যেমন ভয় করা উচিত তেমনিভাবে ভয় করতে থাক এবং অবশ্যই মুসলমান না হয়ে মৃত্যুবরণ করো না। আল ইমরান: ১০২ يَا أَيُّهَا النَّاسُ اتَّقُوا رَبَّكُمُ الَّذِي خَلَقَكُمْ مِنْ نَفْسٍ وَاحِدَةٍ وَخَلَقَ مِنْهَا زَوْجَهَا وَبَثَّ مِنْهُمَا رِجَالًا كَثِيرًا وَنِسَاءً وَاتَّقُوا اللهَ الَّذِي تَسَاءَلُونَ بِهِ وَالْأَرْجَامَ إِنَّ اللهَ كَانَ عَلَيْكُمْ رَقِيبًا

হে মানব সমাজ! তোমরা তোমাদের পালনকর্তাকে ভয় কর, যিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন এবং যিনি তার থেকে তার সঙ্গিনীকে সৃষ্টি করেছেন; আর তাদের দু'জন থেকে বিস্তার করেছেন অগণিত পুরুষ ও নারী। আর আল্লাহকে ভয় কর, যাঁর নামে তোমরা একে অপরের নিকট যাচঞা করে থাকো এবং আত্মীয় জ্ঞাতি বন্ধন সম্পর্কে সতর্ক থাকো। নিশ্চয়ই আল্লাহ তোমাদের উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখেন। নিসা: ১)

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا اتَّقُوا اللهَ وَقُولُوا قَوْلًا سَدِيدًا. يُصْلِحُ لَكُمْ أَعْمَالَكُمْ وَمَن يُطِعِ اللهَ وَرَسُولَهُ فَقَلْ فَازَ فَوْرًا عَظِيمًا.

হে মুমিনগণ! আল্লাহকে ভয় কর এবং সঠিক কথা বলো । তিনি তোমাদের আমল-আচরণ সংশোধন করতে কিতাব এবং তোমাদের পাপসমূহ ক্ষমা করতে কিতাব অবতীর্ণ করেছেন। যে কেউ আল্লাহ ও তাঁর রাস্লের আনুগত্য করে, সে অবশ্যই মহাসাফল্য অর্জন করবে। আল আহ্যাব: ৭০-৭১

মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী নিশ্চয়ই সর্বোত্তম বাণী হচ্ছে আলাহর কিতাব এবং সর্বোত্তম পথ হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পথ। সবচেয়ে নিকৃষ্ট হলো দীনের ক্ষেত্রে নতুন আবিশ্কৃত বিষয়, প্রত্যেক নতুন আবিষ্কৃত বিষয় বিদআত, প্রত্যেক বিদআত গোমরাহী এবং প্রত্যেক গোমরাহীর পরিণাম হলো জাহান্লাম। সুনানে ইবনে মাজাহ : সহীহা

ইকিতাব আল কায়্যিম رحبه الله যে সমস্ত কিতাব লিখেছেন তার মধ্যে সর্বোত্তম একটি কিতাব হলো 'আল ফাওয়াইদ'। কিতাবটি এমনভাবে লেখা হয়েছে যে মনে হচ্ছে, তিনি ৮০ বছরের একজন মানুষ এবং তিনি এক জায়গায় বসে তার

জীবনের অভিজ্ঞতাগুলো বর্ণনা করেছেন। এ কারণেই তিনি তার কিতাবের নাম দিয়েছেন 'আল ফাওয়াইদ'— যার অর্থ 'জ্ঞানগর্ভ তথা উপকারী প্রবন্ধের সংকলন।' মূলত ইকিতাব আল কায়্যিম যে কিতাবগুলো লিখেছেন সেই কিতাবগুলো ইসলামের কল্যাণে লিখিত সর্বোত্তম কিতাবগুলোর অন্তর্ভুক্ত। প্রকৃতপক্ষে, ইকিতাব আল কায়্যিম হলেন সেই পরিপক্ব ফল যিনি ইবনে তাইমিয়্যাহ থেকে উদ্ভূত। ইবনে তাইমিয়্যাহ এটা ক্রু বাপক জ্ঞান ও বুদ্ধিমন্তার জন্য বিখ্যাত। তিনি জীবনের একটি বড় অংশ এক যুদ্ধ থেকে অন্য যুদ্ধে মুজাহিদ হিসেবে কাটিয়েছেন। যখন শামের শাসক তাতারদের মোকাবেলা থেকে পিছিয়ে পড়েছিল এই বলে যে, 'আমরা তাদের মোকাবেলা করতে অক্ষম', তখন ইবনে তাইমিয়্যাহ ক্রিডালন প্রকান এবং বলেন— 'আমরা অবশ্যই তাদের মোকাবেলা করবো।' অবশেষে আল্লাহ তায়ালা ইবনে তাইমিয়্যাহ ক্রিয় দান করেন।

আমি বলি, ইবনে তাইমিয়াহ রহ. পরিপক্ব এবং উপযুক্ত এক মানুষকে পৃথিবীতে রেখে যান এবং সেই পরিপক্ব ও উপযুক্ত মানুষটি হলেন ইকিতাব আল-কায়্যিম রহ.। ইকিতাব আল-কায়্যিম একাধারে আত্মার গভীরতা এবং ইবাদতের জন্য বিখ্যাত ছিলেন। তিনি আল্লাহকেই সার্বক্ষণিক চিন্তা-চেতনায় রাখতেন। এ কারণে একবার তিনি যখন মক্কা অতিক্রম করছিলেন, তখন তিনি যে পরিমাণে আল্লাহর ইবাদত করতেন, তা দেখে মক্কার লোকেরা আশ্চর্যান্বিত হয়েছিল।

ইবনে আল-কায়্যিম رحمه الله যে কিতাবগুলো লিখেছেন তার মধ্যে অন্যতম হলো 'আল ফাওয়াইদ।'

এছাড়াও তিনি তারবিয়্যাহ সংক্রান্ত কিতাবও লিখেছেন। যেমন- 'মাদারিজ আস-সালিকিন শারাহ মানাযিল আস-সারিঈন ঈলা রব্ব-আল-আলামিন।' তাঁর ফিকহ্ এবং উসূল সংক্রান্ত কিতাব 'ঈ'লাম আল মুওয়াক্কিন আন রব্বাল আলামীন' এবং মহানবী সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামের সালাত, সিয়াম, হিজরত, যুদ্ধ, চিকিৎসা সম্পর্কিত কিতাব 'যাআদ আল-মায়াদ ফি সিরাত খইর আল ঈবাদ।' তাঁর অন্যান্য কিতাবগুলো হলো 'আর রহ, বাদাঈ আল ফাওয়াঈদ এবং আল জওয়াব আল কাফি ফি আস সুআল আন আদ দাওয়া আশ শাফিঈ।'

উপকারহীন দশটি বিষয়

আল ফাওয়াঈদ কিতাবের ১৬১-১৬২ পৃষ্ঠায় তিনি লিখেছেন- এমন দশটি বিষয় রয়েছে যাতে কোন উপকারিতাই নেই-

- ১. সেই জ্ঞান যা কাজে পরিণত করা হয় না।
- ২. সেই কাজ যাতে ইখলাস নেই এবং সত্যের উপর প্রতিষ্ঠিত নয়।
- ৩. সেই সম্পদ যা জমা করে রাখা হয় কিন্তু এর মালিক দুনিয়াতেও ভোগ করতে পারে না, আবার আখেরাতেও কোন পুরস্কার পায় না।
- সেই অন্তর যাতে আল্লাহর প্রতি ভালবাসা নেই; আল্লাহর নৈকট্য লাভের ইচ্ছা নেই।
- ৫. সেই শরীর যা আল্লাহকে মান্য করে না, আল্লাহর পথে চলে না।
- ৬. আল্লাহর প্রতি সেই ভালবাসা যাতে আল্লাহর সন্তুষ্টি চাওয়া হয় না।
- সেই সময় যা আল্লাহ তায়ালার নৈকট্য লাভের উদ্দেশ্যে পাপের কাফ্ফারা আদায়ে অথবা হালাল, সওয়াবপূর্ণ কাজ করার সুযোগ তালাশে বয়য় হয় না ।
- ৮. সেই অন্তর যা এমন কিছু নিয়ে ভাবে যেগুলো কোন উপকারেই আসে না।
- ৯. তাদের পক্ষ নিয়ে কাজ করা যারা আল্লাহর পথে চলতে সহায়তা করে না, আল্লাহর নৈকট্য লাভে সাহায্য করে না কিংবা কোন উপকার সাধন করার ক্ষমতা রাখে না।
- ১০. এমন কাউকে ভয় করা ্যে কোন উপকার করতে পারে না, ক্ষতিও করতে পারে না, জীবন কিংবা মৃত্যু দিতে পারে না, আল্লাহর কর্তৃত্বাধীনে বাস করে বেঁচে থাকে এবং যার কপাল (ভাগ্য-ভাল-মন্দ) আল্লাহর ইখতিয়ারে।

অন্তর এবং সময়ের অপব্যয়

আলোচ্য বিষয়গুলোর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে দু'টি বিষয় তা হলো—
অন্তরের অপচয় আর সময়ের অপব্যয়। অন্তরের অপচয় তখনই ঘটে যখন
দুনিয়ার জীবনকে আখেরাতের জীবনের উপরে প্রাধান্য দেওয়া হয় এবং সময়ের
অপব্যয় ঘটে তখনই যখন মানুষের মনে অসংখ্য আশা-আকাজ্ঞা সৃষ্টি হয়।
মূলত একজন মানুষ যখন নিজের মতানুসারে জীবন অতিবাহিত করে এবং
অসংখ্য আশা-আকাজ্ঞার প্রতি আসক্ত হয়ে পড়ে, তখনই তার দ্বারা পাপকাজ
সংঘটিত হয়ে থাকে। অপর পক্ষে, কোন মানুষের পক্ষে ভাল কাজ তথা
সওয়াবপূর্ণ কাজ করা তখনই সম্ভব হবে যখন সে সত্য সঠিক পথ তথা দীন
ইসলাম অনুসারে নিজের জীবনকে গড়ে তুলবে এবং নিজেকে আল্লাহর সামনে
দাঁড় করানোর ব্যাপারে প্রস্তৃতি গ্রহণ করবে; নিশ্চয়ই আল্লাহ সকল বিষয়ের
উপর ক্ষমতাবান।

সুতরাং তিনি এখানে উল্লেখ করেছেন যে, অন্তর এবং সময়ের অপব্যয়ের কারণে সকল পাপ কাজ সংঘটিত হয়। অন্তরের অপচয় তখনই ঘটে যখন দুনিয়ার জীবনকে আখেরাতের জীবনের উপর প্রাধান্য দেয়া হয়। আর অসংখ্য আকাশ কুসুম কল্পনা মানুষের অন্তরে দানা বাঁধলে সময়ের অপব্যয় ঘটে। নিজের অন্তরকে অনুসরণ করাই হলো শয়তানী কর্মের সুস্পন্ত বহিঃপ্রকাশ।

সত্য পথের অনুসরণ করা এবং আল্লাহর সামনে দণ্ডায়মাণ হওয়ার জন্য প্রস্তৃতি হলো সকল সংকর্মের ভিত্তি।

فَأَمَّا مَنْ طَغَى. وَآثَرَ الْحَيَاةَ الدُّنْيَا. فَإِنَّ الْجَحِيمَ هِيَ الْمَأْوَى. وَأَمَّا مَنْ طَغَى وَآثَرَ الْحَيَاةَ الدُّنْيَا. فَإِنَّ الْجَعْنَ عَنِ الْهَوَى. فَإِنَّ الْجَنَّةَ هِيَ الْمَأْوى. فَإِنَّ الْجَنَّةَ هِيَ الْمَأُوى.

যে ব্যক্তি সীমালজ্ঞন করে এবং পার্থিব জীবনকে অগ্রাধিকার দেয় জাহান্নামই হবে তার আবাস। পক্ষান্তরে যে স্বীয় প্রতিপালকের সামনে উপস্থিত হওয়ার ভয় রাখে এবং প্রবৃত্তি হতে নিজেকে বিরত রাখে, জান্নাতই হবে তার আবাস। আন-নাযিআত: ৩৭-৪১]

দুনিয়ার জীবনকে আখেরাতের জীবনের উপর প্রাধান্য দিলে অন্তর কলুষিত হয় এবং যে ব্যক্তি আল্লাহর সামনে দণ্ডায়মাণ হবার ভয় করে সে তার সময় অপচয়

করে না। মোটকথা, নিজেকে সংশোধন করার ক্ষেত্রে দু'টি সুস্পষ্ট পথ হলো-

- ১. আল্লাহর সামনে দণ্ডায়মাণ হওয়াকে ভয় করা, যার ফলে তাঁর সাথে সাক্ষাতের জন্য প্রস্তুতি গ্রহণ করতে সহায়তা করে।
- ২. সময়ের অপচয় না করা হলে অন্তর প্রাণবস্ত হয়ে ওঠে। কেননা, মন যেমন চায় তেমন না চলে সত্য পথের অনুসরণ করলে অন্তর প্রাণবস্ত হয়ে ওঠে।
 মহান আল্লাহ রাববুল আলামীন বলেন–

إِنَّا جَعَلْنَاكَ خَلِيفَةً فِي الْأَرْضِ فَاحُكُمْ بَيْنَ النَّاسِ بِالْحَتِّ وَلا تَتَّبِعِ الْهَوَى فَيُضِلَّكَ عَنْ سَبِيلِ اللهِ .

আমি তোমাকে পৃথিবীতে প্রতিনিধি করেছি। অতএব, তুমি লোকদের মধ্যে সুবিচার কর এবং খেয়াল-খুশির অনুসরণ করো না; কেননা তা তোমাকে আল্লাহর পথ হতে বিচ্যুত করবে। সাদ : ৩৮ : ২৬]

খেয়াল-খুশিকে অনুসরণ করা হলো সকল অন্যায়ের মূল এবং সকল অপচয়ের মূলও হলো খেয়াল-খুশির অনুসরণ। সকল অশ্লীল-শয়তানী কাজের মূলমস্ত্র হলো খেয়াল খুশির অনুসরণ। প্রকৃতপক্ষে, যে ব্যক্তি নিজের খেয়াল-খুশিকে অনুসরণ করে সে সত্য ধর্মকে এড়িয়ে চলে। এক্ষেত্রে আমাদের করণীয় সম্বন্ধে আল্লাহ তায়ালা বলেন—

وَاتَّنِئُ مَا يُوحَى إِلَيْكَ وَاصْبِرْ حَتَّى يَحْكُمَ اللهُ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ

তোমার প্রতি যে ওহী অবতীর্ণ হয়েছে তুমি তার অনুসরণ কর এবং ধৈর্যধারণ কর যে পর্যন্ত না আল্লাহ ফয়সালা করেন এবং আল্লাহই সর্বোত্তম ফয়সালাকারী। [ইউনুস: ১০৯]

খেয়াল খুশির অনুসরণ মানুষের মধ্যে তখনই গড়ে ওঠে, যখন মানুষের মাঝে নগদ যা পাও হাত পেতে নাও এমন মনোভাব গড়ে ওঠে। অপরপক্ষে ধৈর্য-পরহেজ মানুষ খেয়াল-খুশি অনুসরণের প্রতিকূলে সর্বদাই অবস্থান করে। যেমন-যে ব্যক্তি তার জিহ্বাকে নিয়ন্ত্রণে রাখতে চায়, তাকে অবশ্যই অন্য কারও ব্যক্তিগত ব্যাপারে নাক গলানো থেকে বিরত থাকতে হবে। যে ব্যক্তি তার দৃষ্টিশক্তিকে হেফাযত করতে চায় তাকে এদিক ওদিক ঘন ঘন তাকানোর

অভ্যাস পরিত্যাগ করতে হবে। যে ব্যক্তি যিনা-ব্যভিচার পরিত্যাগ করতে চায়, সে ব্যক্তিকে অবশ্যই ঐ অশ্লীল ঘটনার দিকে ঠেলে দেয় এমন প্রত্যেকটি ঘটনা পরিত্যাগ করতে হবে।

অর্থাৎ আমরা যদি সত্যদীন অনুসরণ করতে চাই, সকল অশালীন কাজের মূলে কুঠারাঘাত করতে চাই তাহলে আমাদের উচিত নিজেদের খেয়াল খুশি না চলা। এজন্যে আমাদের অনেক কাজ থেকে নিজেদেরকে পরহেয় করে চলতে হবে।

যে ব্যক্তি রমযান মাসে সিয়াম ভঙ্গ করে সে ব্যক্তি তার পাকস্থলীর চাহিদাই পূরণ করে; অপরপক্ষে সে যদি ধৈর্যধারণ করত অর্থাৎ সিয়াম রাখত, তাহলে ঐ ধৈর্য অবশ্যই পাকস্থলী তথা নফসের অনুসরণকে প্রতিহত করত। যে ব্যক্তি যুদ্ধের ময়দানে দৃঢ়ভাবে অটল থাকতে চায় তাকে অবশ্যই নিজের জীবন বাঁচানোর জন্য পালানোর প্রবণতা পরিত্যাগ করতে হবে। তাগুত সরকারের জেলে গিয়েও কোন ব্যক্তি যদি আল্লাহর প্রতি সবর করে, তাহলে তাকে কারাগারের বাইরে উন্মুক্ত দুনিয়ার প্রতি লোভ-লালসা ভালবাসা তথা আকর্ষণ পরিত্যাগ করতে হবে। ব্যক্তি তার দরিদ্রাবস্থায় সম্পুষ্ট থাকবে অবশ্যই যখন তার নফস তাকে যে কোন উপায়ে, এমনকি হারাম কাজ সম্পাদন করে হারাম টাকা উপার্জনের জন্য প্ররোচণা দেয়, তখন অবশ্যই ঐ ব্যক্তিকে নফসের খাসিয়াতের (অনুসরণের) বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। সকল পাপ কাজের ভিত্তি হলো আশা-আকাজ্ফার অনুসরণ যা মানুষের সময়ের অপচয় ঘটায়ে। সময়ের অপবয়য় ঘটাতে ঘটাতে তোমার অজান্তেই তোমার কাছে আল্লাহর কাছে প্রত্যাবর্তনে আহ্বানকারী ফেরেশ্তা এসে বলবে— 'এসো, সেই মহান রাজাধিরাজ আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার দিকে প্রত্যাবর্তনের সময় হয়ে গিয়েছে।'

মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন— পাঁচটি বিষয় আসার পূর্বেই পাঁচটি বিষয় থেকে সুবিধা গ্রহণ করো। বৃদ্ধ হওয়ার আগেই তারুণ্য-যৌবনাবস্থা থেকে সুবিধা গ্রহণ করো; অসুস্থ হওয়ার পূর্বেই সুস্বাস্থ্য থেকে সুবিধা গ্রহণ করো; দরিদ্রতা এসে যাবার আগেই সম্পদের সুব্যবহার করো; ব্যস্ততা এসে যাবার আগেই অবসর সময়কে কাজে লাগাও এবং মৃত্যু আসার আগেই 'জীবন' নামক নেয়ামতের সঠিক ব্যবহার করো।

[হাদীসটি আবদুল্লাহ বিন আব্বাস থেকে মুস্তাদরাদ-আল-হাকীম (৭৯২৭), বুখারী-মুসলিমের শর্ত সাপেক্ষে সহীহ বলেছেন। আদ-দাহাবী এবং নাসির উদ্দীন আলবানী'র সঙ্গে একমত ইকতেদা আল ইলম আল আমল : ১৭০]

তোমার তারুণ্যকে কাজে লাগাও, যৌবনাবস্থাকে কাজে লাগাও; কারণ এখন

তুমি নফল সিয়াম পালন করতে সক্ষম হলেও যখন তুমি তোমার বৃদ্ধাবস্থায় উপনীত হবে তোমার প্রয়োজন হবে খাদ্য খাবার এবং প্রয়োজনীয় রসদ যোগানোর মাধ্যমে মাংস এবং হাড়কে পরিপুষ্ট রাখার। তাই তখন তুমি সিয়ামের কষ্ট প্রতিরোধ করতে পারবে না। বর্তমানে তোমরা যুবক; তোমরা মধ্যরাতে ঘুম থেকে উঠে মহান আল্লাহ তায়ালার দরবারে রুকু-সিজদাহ করতে পারো, যাতে রুকু-সিজদাহগুলো মহান আল্লাহ তায়ালার দরবারে তোমার জন্যে সাক্ষী হয়ে যায় এবং অন্ধকার গহীন কবরে তোমার সঙ্গী হয়। হে আমার ভাইয়েরা! যৌবনকাল হলো সংগ্রামের সময়। যৌবনকাল এমন একটি স্ময়, যে সময়ে আল্লাহর পথে সচেষ্ট হয়ে নিজেকে উৎসর্গ করা যায়! এই সময়ে তোমার কাঁধে বেশি দায়িত্বের বোঝা চাপেনি। কারণ সম্ভবত তুমি একা অথবা তোমার একটি স্ত্রী এবং সন্তান আছে। আগামীতে, সময়ের সঙ্গে সঙ্গে তোমার দায়িত্ব আরও বাড়বে। দুনিয়ার সমস্যাগুলো তোমাকে ঘিরে ধরবে। তুমি তোমার পরিবার, সন্তান-সন্ততি এবং আত্মীয়-স্বজনের সমস্যাগুলো সমাধানের চেষ্টা করবে। এসব কাজ করতে তোমার অনেকটা সময় ব্যয় হয়ে যাবে।

তাই তুমি এখন যুবক বয়সে রয়েছ, যে বয়সে তুমি নিজেকে সংগ্রামী এবং আত্মত্যাগী হিসেবে গড়ে তুলতে পার। আমি প্রায়ই মন্তব্য করে থাকি যে, আমি বিশ্মিত হই সেসব যুবককে দেখে যারা খুব ভীতৃ! তাদের কী হয়েছে যে, তারা ভীতৃ? কী তাদেরকে ভীত-সম্ভস্ত্র করে? যদি সে এই বয়সে ভীতৃ হয় তাহলে আগামীতে কী হবে? জীবনের সর্বোৎকৃষ্ট সময়ই হলো এই যৌবনকাল। যৌবনকাল হলো সেই সময় যে সময়ে মহান রাজাধিরাজ রাব্বল আলামীনের সামনে উপস্থিত হবার জন্য প্রস্তুতি গ্রহণ করা যায়। এ কারণেই আমরা যদি তাদেরকে দেখি যারা আল্লাহর দীনকে প্রথম বিজয়ী করেছিলেন, তাহলে আমরা দেখব তারা প্রত্যেকেই ছিলেন তরুণ। প্রকৃতপক্ষে, তাদের তিন-চতুর্থাংশ বা চার-পঞ্চমাংশের বয়স ছিল বিশ বছরের নিচে। তারা এমনটি করতে পেরেছিলেন; কারণ যৌবনকালই হলো আল্লাহর পথে প্রচেষ্টা এবং আত্মত্যাগের সময়।

সহীহাইনেঋ উল্লেখ আছে যে, আবদুর রহমান বিন আউফ বর্ণনা করেছেন—বদরের ময়দানে আমি সামরিক বেশে দাঁড়িয়ে ছিলাম। এমতাবস্থায় হঠাৎ ডানে এবং বামে দু'জন তরুণ দেখতে পেলাম যাদেরও বয়স বয়ঃসন্ধিকালের কিছুটা কম বা বেশি। তাদের উপস্থিতিতে আমি নিজেকে নিরাপদ মনে করতে পারলাম না। একটি তরুণ এগিয়ে এসে আমাকে জিজ্ঞাসা করল— হে চাচা! আবু জাহেল কোথায়? আমিও তাকে জিজ্ঞাসা করলাম, তার কাছে তোমার কি দরকার? মনে

মনে ভাবলাম, এই বালক জাহেলদের নেতা আবু জেহেলের কথা জিজ্ঞাসা করছে কেন? এরপর বালকটি উত্তর দিল— আমি শুনেছি, সে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অনেক কষ্ট দিয়েছে। তাই আল্লাহর নামে শপথ করে বলছি, 'আমি যদি তাকে দেখতে পাই, আমার ছায়া তাকে অতিক্রম করবে না, যতক্ষণ না আমি তাকে হত্যা করি কিংবা সে আমাকে হত্যা করে।

[আল-বুখারী (৩৯৮৮), মুসলিম (১৭৫২), আল-হাকীম (৩/৪২৫), আত-তাবারী তার তারিখ গ্রন্থে (২৪৫৪) এবং আল বায়হাকী-দালা'ইল আন্ নুবুওয়্যাহ (৩/৮৩) গ্রন্থে] তিনি বলেছেন− 'আমি তার এ কথায় একদম অভিভূত হলাম!'

তারপর, অপর কিশোর বালক আমার কাছে আসল। সে-ও আমাকে জিজ্ঞাসা করল— হে চাচা! আবু জাহেল কেথায়? আমিও তাকে জিজ্ঞাসা করলাম, তার কাছে তোমার কী দরকার? বালকটি উত্তর দিল, আমি তনেছি, সে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অনেক কষ্ট দিত, নির্যাতন করত। তাই আল্লাহর নামে শপথ করে বলছি, 'আমি যদি তাকে দেখতে পাই, আমার ছায়া তাকে অতিক্রম করবে না, যতক্ষণ না আমি তাকে হত্যা করি কিংবা সে আমাকে হত্যা করে।'

তারপর আমি প্রত্যক্ষ করলাম, 'আবু জাহেল সামান্য দূরে লোকজনদের মাঝে বিচরণ করছে। আমি তাদেরকে বললাম, ঐ হলো সেই ব্যক্তি থাকে তোমরা খুঁজছো। এই কথা বলার পর আমি আকাজ্জা করছিলাম আমি যদি এই তরুণদের মত উৎসাহী এবং উদ্যমী হতে পারতাম! অল্প কিছুক্ষণের মধ্যে তারা ফিরে আসল এবং মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট প্রত্যাবর্তন করল।'

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে জিজ্ঞেস করলেন– তোমাদের মধ্যে কে তাকে হত্যা করেছো?

মুয়ায বিন আমর বিন ইল জামুহঋ বলল আমি হত্যা করেছি।

[তার নাম হলো মুয়ায বিন আমর বিন জামু' আল আনসারী আল খাযরাযী আস সালামী। তিনি বায়াত আল আকাবাহ এবং বদর যুদ্ধে উপস্থিত ছিলেন। তিনি উসমান ত এর শাসনামলে ইন্ডেকাল করেন। ইবনে হাজারের আল ইসাবাহ্ ফী তামিঈয় আস সাহাবা ৩/৪২৯]

এবং মুয়ায বিন আফরা বলল— আমি হত্যা করেছি।

নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুনরায় বললেন- তোমরা কি

তোমাদের তরবারী পরিষ্কার করে ফেলেছো?

তারা বলল- না।

রাসূলুলাহ সাল্লালাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন— আমাকে দেখাও। উভয় তরবারীতে রক্ত দেখতে পেয়ে মহানবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন— তোমরা উভয়ে তাকে হত্যা করেছো।

[আবদুর রহমান বিন আউফ বলেন যে, মুয়ায বিন আফরাকে আবু জেহেলের পরিত্যক্ত জিনিস পত্র দেয়া হয়নি। কারণ তিনি পরবর্তীতে এ যুদ্ধে শহীদ হন। মিশকাত আল মাসাবীহ ২/৩৫২]

মুয়ায বিন আমর বিন জামুহ বলেছেন— আমি আবু জাহেলকে আমার লক্ষ্যের কেন্দ্রবিন্দুতে নিলাম এবং তার প্রতি মনোযোগ নিবদ্ধ করে রাখলাম। তারপর যখন সুযোগ পেয়ে গেলাম, তখনই আক্রমণ করে বসলাম এবং এমনভাবে আঘাত করলাম যে, তার পা দ্বিখণ্ডিত হয়ে গেল। এদিকে আমি যখন আবু জাহেলকে আঘাত করলাম অন্য দিকে তখন তার ছেলে ইকরামা আমার কাঁধে তরবারীর আঘাত করল এবং তাতে আমার হাত কেটে গিয়ে চামড়ার সঙ্গে পুলে গেল এবং যুদ্ধের জন্য প্রতিবন্ধক হয়ে দাঁড়াল। আমি ঝুলন্ত হাতটি পেছনে টেনে সাধারণভাবে যুদ্ধ করতে থাকলাম। কিন্তু হাতটি আমাকে খুবই কষ্ট দিতে লাগল। তাই আমি ঝুলন্ত হাতটির উপর আমার পা রেখে জোরে টান দিয়ে তা বিচ্ছিন্ন করে ফেললাম।

এরপর আবু জাহেলের নিকট পৌছে যান মুয়ায বিন আফরা। তিনি তাকে এত জোরে আঘাত করেন যে, তার ফলে সে সেখানেই স্তুপে পরিণত হয়ে যায়। সে সময় শুধু তার শ্বাস-প্রশ্বাসটুকু অবশিষ্ট ছিল। আি যাহাবীর সিয়ার আলাম আননুবালা ১/২৫০-২৫১]

যখন যুদ্ধ শেষ হয়ে গেল তখন রাসূলুলাহ সাল্লালান্থ আলাইহি ওয়াসাল্লাম বললেন— 'কে আছ এমন যে দেখে আসবে আবু জাহেলের অবস্থা কি হল। আবদুলাহ বিন মাসউদ তখন সৈন্যদের মধ্যে অনুসন্ধান চালিয়ে আবু জাহেলকে খুঁজে পেলেন। আবু জাহেল তখন মৃতপ্রায় অবস্থায় ছিলো। এমতাবস্থায় আবদুলাহ বিন মাসউদ তার বুকের উপর উঠে বসলেন। এরপর আবু জাহেল চোখ খুলে দেখলো আবদুলাহ বিন মাসউদ তার বুকের উপর। এতে আবু জাহেল অপমানবোধ করে বললো, তুমি মক্কায় রাখাল ছিলে না?

ইবনে মাসউদ বললেন− হে আল্লাহর দুশমন, আমি অবশ্যই মক্কাতে রাখাল ছিলাম।

আবু জাহেল বললো— হে উটপালক! তুমি অনেক বড় স্থানে চড়ে বসেছো। এত বড় সম্মানিত উচ্চাসনে এর আগে কেউ বসেনি।

ইবনে মাসউদ বললেন— আজকে কার দিন? আজকে কে বিজয়ী হয়েছে? আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিজয়ী হয়েছেন। [বুখারী (৯৩৯৬১), মুসলিম (১৮০০), আবু দাউদ (২৭০৯), আহমদ ৩/১২৯,১৩৬]

এছাড়া আরও উক্তি আছে যেগুলোর সহীহ্ সূত্র পাওয়া যায় না। যেমন- এরপর আবু জাহেল বলল— মুহাম্মদ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লামকে জানিয়ে দিও আমি যতক্ষণ আমার শেষ নিঃশ্বাস নিতে পারব ততক্ষণ আমি তাঁর শক্রু থেকে যাবো।

সহীহ্ সূত্রে আরও কিছু ঘটনা পাওয়া যায়। যেমন- আবদুল্লাহ বিন মাসউদ যখন মঞ্কায় বসবাস করতেন, তখন আবু জাহেল তার কানে আঘাত করেছিল। তাই আবু জাহেলের বুকের উপর বসে ইবনে মাসউদ আবু জাহেলের মাথা শরীর থেকে আলাদা করে ফেলেন এবং এরপর আবু জাহেলের কানে একটি ছিদ্র করেন। ঐ ছিদ্রের ভেতর দিয়ে দড়ি ঢুকিয়ে তার মাথা টানতে টানতে নিয়ে আসেন। আপাতদৃষ্টিতে মনে হতো, আবু জাহেলের মাথা ছিলো বৃহদাকার এবং ইবনে মাসউদ দুর্বল, জীর্ণ-শীর্ণ প্রকৃতির লোক। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন আবু জাহেলের ছিন্ন মন্তক দেখতে পেলেন তখন আল্লাহর প্রতি কৃতজ্ঞতাবশত সিজদায় পড়ে গেলেন এবং বললেন যে সন্তার কোন শরীক নেই সেই মহান আল্লাহ তায়ালার নামে শপথ করে বলছি, প্রত্যেক উম্মাহর জন্য এক একটি ফেরাউন থাকে এবং এই ব্যক্তি হলো আমার উম্মাহর জন্য ফেরাউন।

[আল হাইথামী তার 'মাযুমা আয যাওয়াইদ (৩/৭৯)তে হাসান সূত্রে বর্ননা করেছেন। এই ঘটনা সংক্ষিপ্তাকারে বুখারী (৩৯৬১), আবু দাউদ (২৭৭২)-এ বর্ণিত]

পরবর্তীতে মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন দেখলেন আবু জাহেলের কানের ভেতরে রশি ঢুকানো তখন স্মরণ করলেন সেই দিনের কথা যেদিন আবু জাহেল ইবনে মাসউদের কানে আঘাত করেছিল। এরপর মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, একটা কানের জন্য একটা কান। আর মাথা হলো অতিরিক্ত। ফাতহুল বারী: ৭/৩৪২-৩৫৪; শরাহ সহীহ মুসলিম: ১২/১৫৯-৬০]

আমি বলি, এই হলো আবু জাহেল– দুনিয়াতে যার অন্তিত্বকে নিঃশেষ করেছে দুই তরুণ। তরুণেরা এই কাজ করেছিলো তরুণাবস্থায়। তাদের বয়স সতের বছরের কাছাকাছি হবে। এর অর্থ দাঁড়ায় তারা খুব জোর হাই স্কুলের ছাত্র হবে!

এই বয়সেই তারা কুরাইশদের সম্রান্ত নেতা আবু জাহেলের মোকাবেলা করেছে এবং আবু জাহেলেক হত্যা করেছে। আর আবু জাহেলের প্রভাব থেকে মুক্ত হওয়ায় মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মনে আনন্দেরও জোয়ার বইয়ে গিয়েছিল। আর কেউ যদি বদর, মুতা প্রভৃতি যুদ্ধের দিকে খেয়াল করেন তাহলে তরুণ ও যুবক ছাড়া কাউকে খুঁজে পাবেন না।

দু'টি বিশ্বযুদ্ধেই ব্রিটেন এবং অন্যান্য শক্তিশালী জাতিরা বিভিন্ন বিপজ্জনক অভিযান পরিচালনার জন্য সতেরো, আঠারো, উনিশ বছরের তরুণদের উপর বেশি বিশ্বাস স্থাপন করতো। কেননা তরুণেরা যে কোন কাজ করতে সদা প্রস্তুত থাকে এবং কোন কাজের জন্য অনেক চিস্তাভাবনা করে না। চাইনিজরা তাদের আত্মঘাতী যোদ্ধাদের প্রশিক্ষণ দিতো এবং এই অভিযান পরিচালনার জন্য তরুণদের উপর ভরসা করতে পরামর্শ দিতো এই বলে যে. যে সব অভিযানে নিজেকে বিপন্ন করার আশংকা থাকে সে সব অভিযানে পরিপকু বয়সের একটু বেশি বয়স বিশিষ্ট লোকদের দ্বারা পরিচালনা করা যাবে না। কারণ তারা সমগ্র ' অভিযানকেই দেরী করিয়ে দিবে। তারা এমন অভিযানে থমকে দাঁড়ায় এবং নিজেরাই ভাবে, এমন আত্মঘাতী হামলায় ফলাফল কি হবে? অথবা এই আত্মঘাতী হামলায় আমাদের কি উপকার আসবে? এ ধরনের দর্শনই একজন মানুষকে আত্যোউৎসর্গ করার ক্ষেত্রে বিরত রাখে এবং যারা এমন থমকে দাঁড়ায় ও ভাবে, তাদের দারা কোন বিজয় সম্ভব হয় না। বরং আবেগ-আপুত অন্তর বিশিষ্ট লোকদের দারাই বিজয় অর্জন সম্ভব হয়। আবেগ আপুত অন্তর এবং উত্তেজিত অন্তরই আত্মোউৎসর্গে সহায়ক হয়। অপরপক্ষে, তথাকথিত (বাতিল) যুক্তি বিচার-বৃদ্ধিই মানুষের মনকে বলে, 'নিজেকে উৎসর্গ করো না, নিজেকে এমনভাবে বিলীন করে দিও না। এ ধরনের মানুষের অন্তর সাধারণত শান্ত, স্থির, নিশ্চল, নিষ্ক্রিয় এবং নিজেকে উৎসর্গ করার ব্যাপারে কোন প্রবণতার ইচ্ছা নেই। এমন দর্শনই তাকে গভীর চিন্তায় নিমগ্ন করে। তাই যখন তার আবেগ, তার অনুভূতি তাকে বলে- আল্লাহর পথে সচেষ্ট হও, অর্থ ব্যয় করো। আল্লাহ তোমাকে প্রতিদান দেবেন। তখন তার অন্তর তাকে বলে, 'তোমার সম্পদ কমিও না।' যদি তার অনুভূতি তাকে বলে, 'নিজেকৈ উৎসর্গ করো।' তখন তার অন্তর বলে, 'তুমি বেঁচে থাকো; তাহলে এতে ইসলামের আরও অনেক উরতি হবে' এবং আরও কত কি!

এ কারণেই তুমি যদি বিভিন্ন ভাবুক, দার্শনিক ব্যক্তিদের জীবনী পর্যালোচনা কর, তাহলে দেখবে তাদেরও ধারণা কথাবার্তা সর্বদা আকাশছোঁয়া হয়ে থাকে; কিন্তু তাদের জীবন পড়ে থাকে পর্বতের পাদদেশে। অর্থাৎ তাদের চাওয়া-পাওয়া,

ধ্যান-ধারণার সাথে বাস্তব জীবনে তাদের প্রাপ্তির অনেক ব্যবধান রয়েছে। তাই তরুণাবস্থাকে গুরুত্ব দেয়া প্রয়োজন। আনাস বিন মালিক বলেন মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সাহাবীদের নিয়ে মদীনাতে আসলেন তখন আবু বকর ছাড়া কারও মাথায় সাদা চুল ছিল না; আর তিনিই দাড়িতে মেহেদী দিতেন। আল বুখারী: ৩৯১৯ ও ৩৯২০, ফাত-আলবারী ৭/৩০২-৩০৩

তখন আবু বকরের বয়স ছিল ৫১ বছর এবং উমরের বয়স ছিল ৪১ বছর।
মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরত করেছিলেন তার নবুওয়াতের
তের বছর পর। সূতরাং যখন মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর
দাওয়াত প্রচার করেছিলেন এবং আবু বকর যখন ইসলাম গ্রহণ করেছিলেন
তখন তার বয়স ৩৮ বছর এবং অন্যদের বয়স ছিল ১৫ থেকে ২৫ বছরের
মধ্যে। এছাড়াও আরও কিছু ছোট ছোট ছেলেমেয়ে ছিল।

কেয়ামতের দিন মহান আল্লাহ রাব্বল আলামীন প্রত্যেক যুবককে একটি নির্দিষ্ট প্রশ্ন করবেন— 'একজন বান্দার দুই পা ততক্ষণ পর্যন্ত তাদের জায়গা থেকে নড়বে না যতক্ষণ পর্যন্ত তাদেরকে চারটি বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হয়— তার জীবন সম্বন্ধে এবং জীবনের প্রতি সে কেমন ব্যবহার করেছে তা সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করা হবে; তার যৌবনকাল সম্পর্কে এবং কিভাবে কোন পথে তা ব্যয় করেছে; তার জ্ঞানের সদ্যবহার করেছে কিনা সে ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হবে; সে কোন পথে অর্থোপার্জন করেছে এবং কোন পথে তা ব্যয় করেছে সেসম্পর্কে জিজ্ঞাসাবাদ করা হবে। আত তিরমিটি: ২৪১৭, আলবানী আত তারগীব ওয়াত তারহীব ১/১২৬-এ সহীহ বলেছেন, আস সিলসিলাহ আস সহীহা: ৯৪৬।

আল্লাহ (সুবহানাহু ওয়া তায়ালা) প্রত্যেক ব্যক্তিকে তার জীবন সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করবেন। এরপরও তিনি প্রত্যেক ব্যক্তিকে দ্বিতীয় প্রশ্নটি করবেন আর দ্বিতীয় প্রশ্নটি হলো– তার যৌবনাবস্থা সম্পর্কে। যদিও যৌবনকাল জীবনেরই একটি অংশ, তারপরও আল্লাহ তায়ালা যৌবনকাল সম্পর্কে জিজ্ঞাসাবাদ করবেন। আল্লাহ তায়ালা কি কোন চিস্তা-ভাবনা, কোন যুক্তি, কোন কারণ ছাড়াই অনেক কিছুর মধ্যে যৌবনকাল সম্পর্কে প্রশ্ন করার বিষয়টি বেছে নিলেন?

اللهُ الَّذِي خَلَقَكُمْ مِنْ ضَغْفٍ ثُمَّ جَعَلَ مِنْ بَعْدِ ضَغْفٍ قُوَّةً ثُمَّ جَعَلَ مِنْ بَعْدِ قُوَّةٍ ضَعْفًا وَشَيْبَةً يَخْلُقُ مَا يَشَاءُ وَهُوَ الْعَلِيمُ الْقَدِيرُ

তিনিই আল্লাহ, যিনি তোমাদেরকে সৃষ্টি করেন দুর্বল অবস্থায়, দুর্বলতার পর তিনি দেন শক্তি; শক্তির পর আবার দেন দুর্বলতা ও বার্ধক্য। তিনি যা ইচ্ছা সৃষ্টি করেন এবং তিনিই সর্বজ্ঞ, সর্বশক্তিমান। আর রম: ৫৪]

অবশ্যই তোমরা এমন এক বয়সে উপনীত হয়েছো যে বয়সে শয়তান পড়াশোনা আর উচ্চাকাক্ষা, অবিরাম আশা গঠনের মাধ্যমে তোমাদেরকে বিভ্রান্ত করার চেষ্টা করবে। যদি তোমাদেরকে বলা হয় সেই মহান রাজাধিরাজ আল্লাহকে ডাকো অথবা আল্লাহর পথে কিছুটা সময় ব্যয় কর। শয়তান তখন এই বলে তোমাকে বিভ্রান্ত করার চেষ্টা করবে যে, 'এখনই এমনটি করবে? তুমি এখন স্কুলে, কিছুদিন পর তুমি তোমার ডিগ্রি অর্জন করবে; সমাজে সম্মান বাড়বে। তুমি তখন আল্লাহ তায়ালার জন্য ভাল কাজ করতে পারবে।'

এক্ষেত্রে সর্বপ্রথম কথা হলো, তোমরা জানো না কবে তোমরা ডিগ্রি অর্জন করবে এবং তোমরা জানো না কবে তোমরা মারা যাবে এবং তোমরা জানো না কী অবস্থায় আল্লাহর সামনে তোমাকে দাঁড়াতে হবে (আখেরাতে)। এ কারণে এমন আকাশ কুসুম কল্পনা থেকে নিজেদেরকে বিরত রাখো।

বিতীয়ত, তোমরা যদি এই বয়সেই আল্লাহর পথে সময় ব্যয় করার ব্যাপারে কৃপণ বা কঞ্চুস হও, তাহলে ভবিষ্যতে যে সময় আসছে সেই সময় তোমাকে আরও কঞ্চুস অথবা কৃপণে পরিণত করবে। প্রকৃতপক্ষে, যৌবন বয়সে যে ব্যক্তি নিজেকে ইসলামের রঙে রঙিন করেছে আর যে ব্যক্তি বৃদ্ধ বয়সে ইসলামে প্রবেশ করেছে এই দু'জনের মধ্যে বিশাল পার্থক্য বিদ্যমান। আসলেই এই দু'জনের মধ্যে विদ্যমান কত বিশাল পার্থক্য! এর মূল কারণ হলো, এই বয়স থেকে ইসলামের নিয়ম-কানুন পালন করা অনেক সহজ। তুমি যদি যৌবনকালে ইসলামকে তোমার জীবনের একটি অংশ ধরে নাও, তাহলে তোমার অঙ্গ-প্রত্যঙ্গ, দেহ, শরীর, আত্মা তথা সমগ্র জীবনই ইসলামের একটি অংশ হয়ে দাঁড়াবে। বাস্তবে, তুমি ইসলামের একটি অংশে রূপান্তরিত হবে। একটি কচি গাছ এবং বড় বৃক্ষ দ্বারা উদাহরণ দিলে এটি আরও স্পষ্ট হবে। বড় বৃক্ষে প্রতিষ্ঠিত কাও, ওঁড়ি এবং ভকিয়ে যাওয়া বাকল বিদ্যমান। এ কারণে বড় বৃক্ষের শাখা-প্রশাখাগুলো যেসব দিকে ছড়িয়ে ছিটিয়ে থাকে সেসব দিক থেকে ঐ শাখা-প্রশাখাগুলোর দিক পরিবর্তন কষ্টসাধ্য। অপরপক্ষে, ছোট বৃক্ষের দিক সহজেই পরিবর্তন সাধ্য। কেননা, হাত দিয়ে নিজের সুবিধামত একে পরিবর্তন করা যায় ।

উপর্যুক্ত কারণে বিশ্বজাহানের রব মহান আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা সেই সব যুবককে যারা আল্লাহর কাছে আত্মসমর্পণ করেছে তাদেরকে কেয়ামতের দিন ছায়া প্রদান করবেন, যখন অন্য কোন ছায়া থাকবে না। সেদিন (কেয়ামতের দিন) আল্লাহর ছায়া ছাড়া অন্য কোন ছায়া থাকবে না। সেদিন আল্লাহ তায়ালা সাত ব্যক্তিকে তার আরশের নীচে ছায়া প্রদান করবেন তার একজন হলো যুবক, যে আল্লাহ তায়ালার কাছে আত্মসমর্পণ করা অবস্থায় বেড়ে উঠেছে। বিশারী: ১৪২৩, মুসলিম: ১০৩১, এর অংশ বিশেষ)

সত্য কথা বলতে কি, আমি নিজে লক্ষ্য করে দেখেছি, তরুণ-যৌবন অবস্থায় যারা ইসলামের দাওয়াত কবুল করে তারা সম্পূর্ণ আলাদা, তাদের থেকে যারা বৃদ্ধ বয়সে ইমলামের দাওয়াত কবুল করে। স্কুলে পড়স্ত অবস্থায় যদি একজন ছাত্র ইসলাম এবং ইসলামের প্রতি আসক্ত হয়, তাহলে ঐ ছাত্র ইসলামের এক অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়।

অপরপক্ষে, বৃদ্ধ ব্যক্তি যে সামাজিক অবস্থান, প্রভাব-প্রতিপত্তি, ছেলেমেয়ে विराग करत पुनिय़ा यात्र माथा विगए पिराया , त्रारे बांकि यपि अनुज्छ राय ইসলাম মেনে চলার সিদ্ধান্ত নেয়, সে শর্ত সাপেক্ষে ইসলাম মানার চেষ্টা করবে। তাই কেউ যদি ইসলাম গ্রহণের পূর্বে মন্ত্রী থাকে তাহলে সে ইসলাম গ্রহণের পরেও আগের মত সম্মানিত হওয়ার আশা করবে, সে ইসলাম গ্রহণের পরও তার সমপর্যায়ের লোকদের সাথে উঠাবসা করবে, যেমনটি সে পূর্বেও করত। তাই ইসলামের রঙে পুরোপুরি রঙিন হয়ে যাওয়া তার পক্ষে অসম্ভব। দুনিয়ার প্রতি ভালবাসা, দুনিয়ায় সম্মানিত হওয়ার আকাজ্ফা, এমনকি অনেক জাহেলী রীতিনীতিসহ সে ইসলামে প্রবেশ করে। তার পক্ষে সমাজের লোকদের সাথে সঠিক পদ্ধতিতে মেলামেশা করা সহজ নয়। আল্লাহ তায়ালা যেমনভাবে ইসলামকে নাযিল করেছেন, যে আইন-কানুন দিয়েছেন তা সম্পর্কে অবহিত হওয়াও এমন ব্যক্তির জন্য সহজ নয়। এরপরও জাহেলি যুগের যেসব রীতিনীতিকে ইসলাম শিকড়সহ উপড়ে ফেলেছে সেসব রীতিনীতিই হয়তো তার জীবনে ওৎপ্রোতভাবে জড়িয়ে আছে। উদাহরণস্বরূপ তার স্ত্রী বিভিন্ন পার্টিতে নাচ-গান করতে অভ্যস্ত, তার মেয়ে ছেলেদের সাথে বেড়াতে অভ্যস্ত, তার আত্মীয়-স্বজন তার সামনে মদ পানে অভ্যস্ত, তার অপর কন্যা তার বাড়িতে আগত পুরুষ অতিথিদের সাথে করমর্দন করে, তার বোন অতিথিদের সাদরে আমস্ত্রণ জানানোর পর তাদের সামনে এক পায়ের উপর আর এক পা তুলে বসে থাকে, তাদের সাথে চা-কফি পান করে। এসব অবশ্যই পরিবর্তন করা দরকার, যদি সে ইসলামী জীবনধারায় নিজের জীবনকে অতিবাহিত করতে চায়। তাহলে

দীনানুসারে উপর্যুক্ত বিষয়গুলোতে পরিবর্তন আনা তার পক্ষে অনেক দুরুহ ব্যাপার হবে। তাকে অনেক কষ্টকর অসম্ভোষজনক পরিস্থিতির সম্মুখীন হতে হবে 1

এটাই হলো, যৌবন বয়সে সে যদি ইসলামী দাওয়ায় প্রবেশ করত, ইসলামকে জানত-চিনত তার সাথে বর্তমানে বৃদ্ধাবস্থায় ইসলাম গ্রহণের বিশাল পার্থক্য। সে যদি যৌবনকালে ইসলাম কবুল করত, তাহলে এখন এমন কষ্টকর সমস্যার সম্মুখীন হতে হতো না। যৌবনাবস্থায় ইসলাম গ্রহণ না করায় তাকে অনেক কষ্ট পেতে হচ্ছে। কিন্তু সে যদি যৌবনাবস্থায় ইসলাম গ্রহণ করতো, তাহলে সে স্ত্রিকার মুসলিম মেয়ে ছাড়া বিবাহ করতো না; যেহেতু সে একজন মুসলিম। তাই ইসলামই হবে তার বিবাহের জন্য মুখ্যশর্ত। অপরপক্ষে যে ব্যক্তি তার জীবনের অধিকাংশ সময় ইসলামী জীবনধারায় কাটায়নি, সে ব্যক্তি এমন মেয়ে খুঁজতে পারে যে মেয়ের প্রভাব-প্রতিপত্তি আছে অথবা সে কোন রাজকন্যা; কোন মন্ত্রীর মেয়ে কিংবা কোন ধনীর দুলালী। ঐ ব্যক্তি এমন মেয়েকে বিবাহ করবে এই কারণে, যাতে সে ঐ মেয়েকে অবলম্বন করে সমাজে উন্নতি লাভের সিঁড়িতে আরোহণ করতে পারে। ঐ ছেলে মেয়ের পরিবারের কথা লোকজনের সাথে বলে বেড়ায়, 'আমি এখন অমুক মন্ত্রীর সাথে সংশ্লিষ্ট, আমি এখন তার পরিবারের অংশ। এইসব চিন্তাকে ঝেড়ে ফেলে যখন সে ইসলাম নামক মহাপরীক্ষার মধ্যে প্রবেশ করে, তখন তার কাছে ইসলাম অনেকটা মহাসঙ্কটের মত কঠোর মনে হয়। তাহলে সুদের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত কোম্পানি কি সে চালাতে পারবে? সে ঐ জমির ব্যাপারে কি করবে যা ব্যাংক থেকে ঋণ নিয়ে কেনা? সেসব দুনিয়াবী বন্ধু যারা ঐ জমি নিয়ন্ত্রণ করে, তাদের সে কি করবে? এসব বিষয়ে তার আচরণ কেমন হবে? এগুলো হতে কি সে নিজেকে বিচ্ছিন্ন করে ফেলবে, সে কি তার সঙ্গী-সাথীদের থেকে নিজেকে বিচ্ছিন্ন করে ফেলবে, সে কি নাইট পার্টি এবং নাচানাচি বন্ধ করে দেবে- সে কি পারবে সব খারাপ কিছু শেষ করতে? একজন ব্যক্তির পক্ষে একবারে সব খারাবীকে উৎখাত করে এক আল্লাহর দিকে ধাবিত হওয়া সহজ ব্যাপার নয় ।

মানুষের জীবনের সবচেয়ে গুরত্বপূর্ণ সময় হলো যৌবন। আমাকে বিশ্বাস করো, আমার ভাইয়েরা! আমি এমন কিছু লোকদের চিনি যারা বৃদ্ধ বয়সে আল্লাহর রহমতে সালাত-যাকাতের সাথে পরিচিত হয়েছে, আল্লাহর পথে চালিত হয়েছে এবং তাদের মধ্যে একজন আমাকে বলেছে— আমি মনে করি আমি মুনাফেক হয়ে গিয়েছি। কেননা, সুদ ছাড়া আমি আমার কোম্পানি চালাতে পারি না। কারণ শত শত, হাজার হাজার অর্থ আমার প্রয়োজন হয় প্রতি মাসে। যখন

আমি সালাত পড়ার জন্য উঠি, তখন আমি অন্তরে ব্যথা অনুভব করি এবং আমি এর থেকে মুক্ত হতে পারি না। একই সাথে আমি আল্লাহর দিকে ধাবিত হতে চাই। তাই বৃদ্ধ বয়সে মহান আল্লাহ তায়ালার দিকে ফিরে যাওয়া অতীব কষ্টের।

আমার মনে পড়ে, আমরা আম্মানে একটি আলোচনার ব্যবস্থা করেছিলাম। ঐ আলোচনায় সমাজের উচ্চপদস্থ লোকেরা, কোম্পানী মালিকসহ অনেক সম্মানিত লোকেরা উপস্থিত ছিল। যেখানে একজন উপস্থিত ব্যক্তি জিজ্ঞাসা করেছিল, 'আপনি ঐ ব্যক্তি সম্পর্কে কি মনে করছেন যার বয়স ৪০-৫০ বছর কিন্তু জীবনে কোনদিন সিয়াম পালন করেনি?'

আমি তাকে বললাম, 'হানাফীদের থেকে একটি ফতোয়া প্রচলিত আছে যে, কেউ যদি নির্দিষ্ট কাজের একটির জন্য কাষা আদায় করে, তাহলে ঐ ধরনের সকল কাজ যেগুলো সে আদায় করেনি তার কাষা আদায় হয়ে যাবে। তাই কেউ যদি ধারাবাহিকভাবে দুই মাস সিয়াম পালন করে, তাহলে সে জীবনে যত সিয়াম আদায় করেনি তার কাষা আদায় হয়ে যাবে। এ কথাটি অপর এক উপস্থিত ব্যক্তি খুব পছন্দ করে যার বয়স ছিল ৪০ বছর। সে কখনও সালাত আদায় কিংবা সিয়াম পালন করেনি এবং আল্লাহর কাছে অনুতপ্ত হতে চায়। তাদেরকে এই শিক্ষা দেয়ার পর কিছুদিন যোগাযোগ বিচ্ছিন্ন রাখি।

পরবর্তীতে আমি যে বাড়িতে এই শিক্ষাটি দিয়েছিলাম সে বাড়িতে যাই এবং যে ব্যক্তি আমাকে জিজ্ঞাসা করেছিল তাকে দেখে আশ্চার্যাদিত হই। আমাকে দেখার পর ঐ প্রশ্নকারী আমাকে জিজ্ঞেস করল, আপনি কি জানেন না? আমি তাকে জিজ্ঞাসা করলাম, কি জানব? সে বলল, আপনি যে ফডোয়াটি উল্লেখ করেছিলেন সেই ফতোয়াটি অমুক ব্যক্তি শুনেছিল এবং পরের দিন থেকে সে সালাত-সিয়াম আদায় করতে শুরু করে এবং ঐ ব্যক্তি ছিল একজন ব্যবসায়ী। সে জুলাইয়ের মাঝের দিকে এমনভাবে সিয়াম পালন করতে শুরু করে যে, এতে তার পরিবারের সদস্যরা তার ব্যাপারে চিন্তিত হয়ে পড়ে। তাই তারা অন্য আর এক আলেমের কাছে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে ঐ আলেম তাদেরকে বলে, যদি সে অনুতপ্ত হয়, তাহলে তার পক্ষে যতটুকু সম্ভব সে ততগুলো সিয়াম পালন করতে পারে। আমি তাকে বললাম ঐ ব্যবসায়ী লোক সম্বন্ধে আমি তো কিছুই জানি না।

যে ব্যক্তি অনুতপ্ত হয়েছিল সেই ব্যক্তি পরবর্তীতে আমাকে বলেছিল— ঐ মাসের মাঝামাঝি সময়ে লোকজন আমার কাছে আসত। আমি মনে করি, জুলাইয়ের

তিন-চার দিনে আম্মানে এমন গ্রম পড়েছিল যে, আম্মানবাসী কখনও এমন উত্তাপ দেখেনি। ঐ ব্যক্তি ছিল ব্যবসায়ী এবং তার তিনটি দোকান ছিল। একটি ष्ट्रिन जाम्पात्न, এकि प्राप्टेन्ट क्यारेत এवः जातकि प्राप्टेन्ट जान-जेवरिमाय । সে আমাকে আরও বলল— আমি যখন সিয়াম পালন করছিলাম তখন লোকজন আমার রেফ্রিজারেটর থেকে পানি নিতে আসছিল। সারাদিনে আমার মুখের ভেতরে আমার থুথু মধুর মত গাঢ় হয়েছিল। মূলত তার কাছে সিয়াম পালন এত কষ্টের ছিল। বর্তমানে সে দীনের যে কোন বিষয়ে অত্যন্ত কড়া। সে মহিলাদের বস্ত্রের দোকানের মালিক ছিল এবং ঐ দোকানে মহিলারা পোশাক ট্রায়াল দেয়ার জন্য আসত। তারা সেখানে বাইরের এবং ভেতরের পোশাকও ট্রায়াল দিত। এ কারণেই সে অনুভব করল- এ কাজ তার ইসলামী নিয়মানুসারে যাপিত জীবনের সাথে মিলে না। তাই সে মনস্থির করল, খুব শীঘ্রই এমন ব্যবসার সমাণ্ডি ঘটানো দরকার। সে তিনটি দোকান থেকে মেয়েদের পোশাক সরিয়ে দোকানকে পবিত্র করল এবং অনেক পোশাক নিয়ে আমার কাছে এসে বলল- ঐ পোশাকগুলো গরীবদের মাঝে বিলিয়ে দিতে ৷ এর বিনিময়ে সে কিছুই চায় না; ওধু চায় যে ব্যবসা মহিলাদের আকৃষ্ট করে তেমন ব্যবসার সমাপ্তি ঘটুক। এরপর সে এই ব্যবসার পর কার্পেট বিক্রির ব্যবসা তরু করে এবং বলে, কার্পেটের দোকান মহিলাদের আকৃষ্ট করে না।

কিছুদিন পর আমি তাকে জিজ্ঞেস করলাম- এখন তোমার কেমন লাগছে?

সে উত্তর দিল— আমি প্রতিদিন দুই থেকে তিন হাজার জর্ডানিয়ান ডলার মূল্যের পোশাক বিক্রি করতাম যা আমেরিকান ডলারে ছয় থেকে সাত হাজার ডলারের সমান। এর মধ্যে অর্ধেক কিংবা এক তৃতীয়াংশই লাভ থাকত। যা হোক, এরপরও আমি এতে অসন্তুষ্ট থাকতাম। আমার কাছে মনেই হতো না আমি সম্পদশালী। বর্তমানে আমি আগের তুলনায় এক দশমাংশ বিক্রি করি এবং যে লাভ হয় তাতে আমি সন্তুষ্ট। আল্লাহ আমাকে রহমত করেছেন।

আমি এই উদাহরণ একটা বিষয়ের পরিষ্কার ধারণা দেয়ার জন্য প্রয়োগ করলাম। বিষয়টি হলো, বৃদ্ধ বয়সে অনুতপ্ত হলে অনেক দুঃখ-কষ্ট যন্ত্রণা ভোগ করতে হয়। এই ব্যক্তিকে সিয়াম পালন করার পর তার ব্যবসার দিকে নজর দিতে হয়েছে। তার ব্যবসাকে সংশোধন করার পর তার পরিবারে পরিবর্তন আনার জন্য পরিবারের সদস্যদের সংশোধন করার জন্য এক সংগ্রামে অবতীর্ণ হতে হয়েছে। তার স্ত্রী-কন্যা কেউই লঘা জামা পরত না। তারা আম্মানে অনেক আধুনিক জীবনযাপন করত এবং সে তার জীবনের অধিকাংশ সময় জার্মানীতে কাটিয়েছে। প্রকৃতপক্ষে, তার সাথে তার স্ত্রীর অনেক বাদানুবাদ হয়েছে, হয়েছে

অনেক সমস্যা। তার স্ত্রীকে এমন কি এমন শর্তও দিতে হয়েছে, হয় ইসলাম মেনে আমার সাথে থাকো অথবা আমাকে ত্যাগ করে তোমার বাবার বাড়ি চলে যেতে পারো। অবশেষে ঐ ব্যক্তি তার স্ত্রীকে জয় করতে সক্ষম হন।

আমি আগেই বলেছি, লোকটি ছিলেন অত্যন্ত জেদী এবং তার জেদ অনমনীয়ভাবে কাঠিন্যতার সাথে বিরূপ প্রতিক্রিয়ার মাঝে বজায় রেখেছিল। যা হোক, এহেন সংগ্রামে ঐ ব্যক্তিকে অনেক চড়াই উৎরাই পার করতে হয়েছে।

্হে যুবক ভাইয়েরা

তোমাদের ক্ষেত্রে তোমাদের প্রতিটা বিষয় তোমাদের হাতের মুঠোয়। তুমি তোমার স্ত্রী নির্বাচন করে নিতে পারো, তোমার জীবনের পথ নির্বাচন করতে পারো। এমনকি তোমার চাকরিও আল্লাহর শরীয়াহ এবং সন্তুষ্টি অনুসারে নির্বাচন করতে পারো। তাই এখন থেকেই তোমার জীবনের সমস্ত সংযোগ ইসলামের সাথে জুড়ে দাও। তুমি যদি এমনটি কর, তাহলে ভবিষ্যতে তোমার কোন সমস্যাই হবে না। তাই তুমি যদি তোমার যৌবন বয়সের সুবিধা গ্রহণ কর, যৌবন বয়সকে সঠিকভাবে কাজে লাগাতে পার, তাহলে ভবিষ্যতে বৃদ্ধ বয়সটা অনেক সুখে শান্তিতে কাটাতে পারবে। তোমার বয়স বাড়ার সাথে সাথে ইসলাম মেনে চলা, নিজের জীবনে বাস্তবায়ন করা তোমার পক্ষে অনেক কষ্টকর হবে। এ কারণেই উমর বলতেন— জীবনে প্রতিষ্ঠিত হবার আগে যা শেখার তা শিখে নাও।

আব্দ-আল-মালিক বিন মারওয়ানকে মদীনার সবচেয়ে সাহসী আলেম মনে করা হতো। তিনি ফিকহ্, হাদীস এবং আরবি জানতেন। আমির আশ্ শাবী ফিকহ্ এবং হাদীসে পারদর্শিতার জন্য বিখ্যাত ছিলেন। যদিও তিনি কুরআন মুখন্তকারীদের একজন এবং আইব ভাষায় একজন দক্ষ ব্যক্তি ছিলেন, তবুও তিনি আবেদ-আল মালিক বিন মারওয়ানের সাথে প্রতিযোগিতা করে পারতেন না। যখন মারওয়ান মারা গেলেন, তখন খবর এসে পৌছালো যে, আশ-শাবীকে এখন নেতৃত্ব দিতে হবে, নেতৃত্বের দায়িত্ব বহন করতে হবে। এ খবর পাওয়ার পর, আশ-শাবী কুরআনকে জড়িয়ে ধরলেন এবং কুরআনের দিকে তাকিয়ে বললেন— 'বিদায়!' সে চোখের পানি ছেড়ে দিয়ে আন্তরিকতার সঙ্গে আবেগাপুত হয়ে কুরআনকে বিদায় জানালেন। কারণ তিনি জানতেন, নেতৃত্ব এবং নেতৃত্বের সাথে যে সমস্যা আসে তা অধ্যয়ন, তেলাওয়াত এবং মুখন্থ করা থেকে তাকে বিরত রাখবে।

হে আমার তরুণ ভাইয়েরা

তুমি তোমার জীবনের সর্বোৎকৃষ্ট সময়ে রয়েছো। এই সময়টাই হলো প্রচেষ্টার সময়, উদ্যোগী হবার সময়। এই সময়টাই হলো ইবাদত করার সময় এবং এই সময়টাই হলো দাওয়াহ দেবার সময়। এই সময়টাই হলো গতিময়তার সাথে বিভিন্ন পদক্ষেপ নিয়ে কর্মতৎপর হবার সময়। তাই এখন তোমার আবশ্যিক দায়িত্ব হলো ইসলামের দিকে ধাবিত হওয়া, ইসলামকে জানা, ইসলামকে বাস্তবায়ন করা, মেনে চলা এবং ইসলামের দিকে মানুষকে ডাকা। জ্ঞান আহরণ কর, আমলে পরিণত কর এবং তা প্রচার করো! যদি এই সুযোগ অতিক্রাপ্ত হয়ে যায়, তাহলে এমন সুবর্ণ সুযোগের আর কখনও পুনরাবৃত্তি ঘটবে না। ইউনিভার্সিটিতে কত অবসর সময় পাওয়া যায়, আল্লাহর দিকে ধাবিত হওয়ার জন্য প্রচুর সময় ইউনিভার্সিটিতে পাওয়া যায়। কত মজা! ইউনিভার্সিটি জীবনে আল্লাহর ইবাদত করা এবং জানা-অজানা সহকর্মী ও বন্ধুদেরকে ইসলামের দাওয়াত দেয়া কত আনন্দের!

فَنُكِّرُ إِنَّمَا أَنْتَ مُنَكِّرٌ لَسْتَ عَلَيْهِمْ بِمُسَيْطِرٍ

অতএব তুমি উপদেশ দাও; তুমি তো একজন উপদেশদাতা। তুমি তাদের কর্ম নিয়ন্ত্রক নও।[গাশিয়াহ: ২১-২২]

হযরত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন— পাঁচটি জিনিস এসে যাবার পূর্বে পাঁচটি জিনিসকে উত্তমরূপে ব্যবহার করো । তার মধ্যে অন্যতম দুটি হলোঁ— যৌবন বয়সকে সদ্ধবহার করো বুড়ো হয়ে যাবার আগে । তোমার সুস্থতাকে কাজে লাগাও অসুস্থ হয়ে যাবার আগেই...।

আজকে তুমি দাঁড়িয়ে সালাত আদায় করতে পারছো এবং আগামীতে তুমি বসে ছাড়া সালাত আদায় করতে পারবে না। আজকে তুমি সিয়াম পালন করতে পারছো কিন্তু আগামীতে তুমি অসুস্থ হয়ে যাবে, সিয়াম পালন করতে পারবে না। তোমার সুস্থতার জন্য আল্লাহ তোমার কাছে মূল্য চান। আর সুস্বাস্থ্যের সেই মূল্য তথা ট্যাক্সই হলো ইবাদত, যা তোমার শরীর, তোমার অঙ্গ-প্রত্যঙ্গ সংশোধন করবে এবং ধবংসের হাত থেকে তাদেরকে বাঁচাবে। তুমি যত ইবাদত করবে, তুমি তত উপকার লাভ করবে এবং ইবাদতের পরিমাণ বাড়ালে তোমার স্বাস্থ্যের কোন ক্ষতি হবে না; বরং সুস্থতা বাড়বে এবং এর উৎকর্ষ সাধিত হবে।

اسْتَغْفِرُواْ رَبَّكُمْ ثُمَّ تُوبُواْ إِلَيْهِ يُرْسِلِ السَّمَاءَ عَلَيْكُمْ مِدُرَارًا وَيَرْدُكُمْ قُوَّةً إِلَى قُوَّتِكُمْ

তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করো অতঃপর তাঁর কাছে তাওবা কর, অনুতপ্ত হও। তিনি তোমাদের জন্য প্রচুর বারি বর্ষণ করছেন। তিনি তোমাদের আরও শক্তি দিয়ে তোমাদের শক্তি বাড়িয়ে দিবেন। [হুদ: ৫২]

তাঁই আল্লাহ তায়ালার ইবাদত করলে, তাঁর কাছে অনুতপ্ত হলে শক্তি বৃদ্ধি পায়। এটাই স্বাভাবিক, যেহেতু ইবাদত করলে শরীর এবং স্নায়ুগুলো শান্তি ও আরাম পায় এবং এগুলোই পরবর্তীতে শরীর গঠন করে।

একজন আফগানী আমাকে জানালো যে, তার পিতার বয়স ১২০ বছর এবং এ বয়সেও তার একটি দাঁত পড়েনি! সে পাঁচ ওয়াক্ত সালাত মসজিদে জামাতের সাথে আদায় করে, বিশেষ করে ফযর এবং এশা। এ কারণেই আল্লাহ তায়ালা তার দেহকে সংরক্ষণ করেছেন।

